

9/21/21

প্রিয় 80-55 Cornish Avenue-এ অবস্থিত P.S. 007 Louis F. Simeone কমিউনিটি:

আশা করি আপনারা সুস্থ ও নিরাপদ আছেন। আমাদের স্কুল কমিউনিটিতে একটি COVID-19-এর সম্ভাব্য কেইস পাওয়া গেছে এবং আমরা এখন কী হবে সেটি জানাতে আজ আমরা আপনাকে অবহিত করার জন্য লিখছি।

### পরবর্তী ধাপসমূহ

পরীক্ষার ফলাফল নিশ্চিত করার জন্য আমরা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (NYC হেলথ)-এর সাথে একযোগে কাজ করছি। এই মুহুর্তে ক্লাসরুম অথবা স্কুল বিল্ডিং বন্ধের কোনো পরিকল্পনা আমাদের নেই, এবং শিক্ষার্থীরা অসুস্থ বোধ না করলে নিয়মিত সময়সূচি অনুযায়ী ক্লাসে অংশ নেবে। যদি কোনো পজিটিভ কেইস পাওয়া যায়, আপনাকে আরেকটি হালনাগাদ পদক্ষেপের বিষয়ে জানানো হবে।

### যদি নিশ্চিত কেইস পাওয়া যায় সেক্ষেত্র কী হবে?

NYC হেলথ এবং NYC টেস্ট + ট্রেইস কোর-এর অংশীদারিত্বে, আমরা যথাযথ সকল পদক্ষেপ গ্রহণ করবো, এতে অন্তর্ভুক্ত:

- যে ব্যক্তির COVID-19 টেস্টের ফলাফল পজিটিভ এসেছে, তার সংক্রমণ দূর না হওয়া পর্যন্ত এবং এবং স্কুল বিল্ডিংয়ে ফিরে আসা তার জন্য নিরাপদ তিনি কোয়ারেন্টাইনে থাকবেন, তা নিশ্চিত করা;
- আমাদের স্কুলের কারা নিকট সংস্পর্শে এসেছে তা খুঁজে বের করতে কাজ করা।
- যে ব্যক্তির ফলাফল পজিটিভ এসেছে, তার নিকট সংস্পর্শে যে এসেছে (ক্লোজ কন্টাক্ট) সেদিন থেকে 10 দিন কোয়ারেন্টাইন (স্বেচ্ছায় আলাদা বসবাস) করতে নির্দেশনা হবে (যদিনা সে সম্পূর্ণ টিকাপ্রাপ্ত হয়ে থাকে)।

অনুগ্রহ করে নিশ্চিত থাকুন যে COVID-19 সংক্রমণ রোধ করতে আমরা সকল সাবধানতা অবলম্বন করছি, এতে অন্তর্ভুক্ত অসুস্থ বোধ করছে এমন কাউকে স্কুল বিল্ডিংয়ে আলাদা রাখতে পারা। আমাদের স্কুলে একটি আলাদা রাখার কক্ষ রয়েছে যেখানে COVID-19-এর উপসর্গ রয়েছে এমন কোনো শিক্ষার্থীকে নিরাপদে আলাদা করা যাবে এবং একজন অভিভাবক তাকে নিয়ে যাওয়ার আগ পর্যন্ত একজন স্বাস্থ্যসেবা কর্মী দ্বারা মূল্যায়ন করা হবে।

আমাদের স্কুল কমিউনিটিকে নিরাপদ ও সুস্থ রাখা আমাদের সকলের দায়িত্ব। অসুস্থ হলে অনুগ্রহ করে বাড়িতে থাকা অব্যাহত রাখুন, আপনার বাড়ির সদস্য নয় এমন মানুষদের কাছ থেকে কমপক্ষে 6 ফিট দূরত্ব বজায় রাখুন, ফেস মাস্ক পরিধান করুন, এবং স্বাস্থ্যকরভাবে হাত ধোয়ার নিয়ম পালন করুন।

স্মরণ করিয়ে দেয়া হচ্ছে যে, 12 অথবা এরচেয়ে বেশি বয়সী সকল নিউ ইয়র্কবাসী এখন COVID-19 টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য। যদি কেউ সম্পূর্ণ টিকাপ্রাপ্ত বা ভ্যাকসিন দেয়া থাকে, তাহলে তার ক্লাসরুমে কোনো কেইস থাকলেও তার স্কুল, স্পোর্টস, অথবা কাজ মিস করতে হবে না। যেসব ব্যক্তি 12 এবং 17 বছর বয়সী তারা এখন শুধুমাত্র ফাইজার (Pfizer)-এর ভ্যাকসিন দেয়ার যোগ্য; এরচেয়ে বেশি বয়সীরা তিনটি ভ্যাকসিনের সবগুলোই দেয়ার যোগ্য। <https://vaccinefinder.nyc.gov/>-ওয়েবসাইটে একটি ভ্যাকসিন সাইট আজই খুঁজে নিন। ভ্যাকসিনের জন্য কোনও খরচ দিতে হবে না।

গণস্বাস্থ্য বিশেষজ্ঞদের নির্দেশনা আমরা নিবিড়ভাবে অনুসরণ করা অব্যাহত রাখবো, এবং আমরা যে পদক্ষেপগুলো গ্রহণ করছি সেগুলো আপনাদের সক্রিয়ভাবে অবহিত করবো। কোনো প্রশ্ন থাকলে আমার সাথে যোগাযোগ করতে অনুগ্রহ করে দ্বিধা করবেন না। COVID-19 সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য [schools.nyc.gov/coronavirus](https://schools.nyc.gov/coronavirus) ভিজিট করুন, অথবা 311 নম্বরে ফোন করুন। অবশেষে, আমরা যেন আপনার সাথে দ্রুত টেক্সট ও ইমেইলের মাধ্যমে যোগাযোগ করতে পারি তা নিশ্চিত করতে, অনুগ্রহ করে যথাশীঘ্র সম্ভব [schools.nyc.gov/nycsa](https://schools.nyc.gov/nycsa) ভিজিট করে একটি নিউ ইয়র্ক সিটি স্কুলস অ্যাকাউন্ট (NYCSA) অ্যাকাউন্ট তৈরি করুন।

আপনার সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ। যা কিছুই হোকনা কেন, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোতে স্বাস্থ্য ও সুরক্ষা সবসময়ই সর্বোচ্চ থাকবে।

বিনীত,

**Principal Robert Aiello**